

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২০৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৩]

- ৬. কিতাবুল হায়েয বা ঋতু (كتاب الحيض)
- পরিচ্ছেদঃ হায়েয থেকে পবিত্র হওয়ার গোসল করার সময় সুগন্ধি ব্যবহার করা

باب الطِّيبِ لِلْمَرْأَةِ عِنْدَ غُسْلِهَا مِنَ الْمَحِيضِ

আরবী

الله عَنْ أُمِّ عَطِيَّةَ عَنِ النَّبِيِّ قَالَتْ: كُنَّا نُنْهَى أَنْ نُحِدَّ عَلَى مَيِّتٍ فَوْقَ ثَلاثٍ، إِلا عَلَى زَوْجٍ أَرْبَعَةَ أَشْهُرٍ وَعَشْرًا، وَلا نَكْتَحِلَ، وَلا نَتَطَيَّبَ، وَلا نَلْبَسَ ثَوْبًا مَصِبُوعًا إِلا ثَوْبَ عَصْبٍ، وَقَدْ رُخِّصَ لَنَا عِنْدَ الطُّهْرِ إِذَا اغْتَسَلَتْ إِحْدَانَا مِنْ مَحِيضِهَا فِي نُبْذَةٍ مِنْ كُسْتِ أَظْفَارٍ، وَكُنَّا نُنْهَى عَنِ اتِّبَاعِ الْجَنَائِزِ. (بخارى: الله الله عَن البَّاعِ الْجَنَائِزِ.

বাংলা

২০৯) উন্মে আতীয়া (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমাদেরকে মৃত ব্যক্তির জন্য তিন দিনের বেশী শোক পালন করতে নিষেধ করা হত। তবে কোন মহিলার স্বামী মারা গেলে সে চার মাস দশদিন শোক পালন করবে। এ সময় সে সুরমা ব্যবহার করতে পারবেনা, সুগন্ধি ব্যবহার করতে পারবেনা এবং রঙ্গিন কাপড় পরিধান করতে পারবেনা। তবে আসবের কাপড় পড়তে পারবে। আমাদের কেউ যখন হায়েয থেকে পবিত্র হওয়ার গোসল করত, তখন তাকে কুসতে আযফার নামক এক প্রকার সুগন্ধি ব্যবহার করার অনুমতি দেয়া হত। তবে আমাদেরকে জানাযায় শরীক হতে নিষেধ করা হত।

টিকাঃ 'আসব' এক প্রকার ইয়ামানী চাদর, যা তৎকালিন আরবের মহিলারা পরিধান করত। মূলতঃ এ কাপড়িটি রঙ্গিন ছিলনা; বরং রঙ্গিন সুতা দিয়ে এ প্রকার কাপড় তৈরী করা হত। আর 'কুসতে আযফার' এক প্রকার সুগন্ধির নাম। দুর্গন্ধ দূর করার জন্য হায়েয থেকে পবিত্র হওয়ার গোসল করার সময় এ প্রকার সুগন্ধি ব্যবহার করার অনুমতি দেয়া হত। বর্তমান কালে পবিত্রতার গোসল করার সময় সাবান উক্ত সুগন্ধির স্থলাভিষিক্ত হতে পারে।

English

Putting perfume by woman at the time of taking a bath after finishing from the menses

Narrated Um-`Atiya:



We were forbidden to mourn for a dead person for more than three days except in the case of a husband for whom mourning was allowed for four months and ten days. (During that time) we were not allowed to put kohl (Antimony eye power) in our eyes or to use perfumes or to put on colored clothes except a dress made of `Asr (a kind of Yemen cloth, very coarse and rough). We were allowed very light perfumes at the time of taking a bath after menses and also we were forbidden to go with the funeral procession.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন